
প্রথম আলো

তারিখ ... SEP 06 2006 ...
পৃষ্ঠা ৩ কলাম ...



*বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভেটেরিনারি অনুষদের শিক্ষার্থীরা গতকাল ঢাকা-ময়মনসিংহ রেললাইন অবরোধ করেন —প্রথম আলো*

### বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

# রেলপথ অবরোধ করে দাবি আদায়ের আশ্বাস নিল ভেটেরিনারি শিক্ষার্থীরা

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

পাঠ্যসূচিতে শতকরা ২০ ভাগ পশু উৎপাদনমুখী কোর্স সংযুক্তির দাবিতে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভেটেরিনারি অনুষদের শিক্ষার্থীরা গতকাল মঙ্গলবার ঢাকা-ময়মনসিংহ রেললাইন সোয়া তিন ঘণ্টা অবরোধ করে রাখেন।

শিক্ষার্থীরা ট্রেনের চালককে আটকে রাখেন এবং রেললাইনের ওপর টায়ার ফেলে তাতে আগুন ধরিয়ে দেন। পরে উপাচার্য রেজিস্ট্রারের মাধ্যমে দাবি মেনে নেওয়ার লিখিত আশ্বাস দিলে শিক্ষার্থীরা অবরোধ তুলে নেন। অবরোধের কারণে ঢাকার সঙ্গে ময়মনসিংহসহ উত্তরাঞ্চলের একাধিক ট্রেনের চলাচল বন্ধ হয়ে যায়। এতে যাত্রীদের চরম দুর্ভোগে পড়তে হয়।

ভেটেরিনারি অনুষদের শিক্ষার্থীরা জানান, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের শর্ত অনুযায়ী ভেটেরিনারিয়ানদের নাম নিবন্ধন করতে পাঠ্যসূচিতে কমপক্ষে ২০ ভাগ পশু উৎপাদনমুখী কোর্স থাকা বাধ্যতামূলক। ওই কোর্স অন্তর্ভুক্ত করতে তারা প্রায় ছয় মাস ধরে আন্দোলন করে আসছেন। ২৩ আগস্ট বিশ্ববিদ্যালয়ের শিক্ষা পরিষদের ১৫৬তম অধিবেশনে দাবি বাস্তবায়িত না হওয়ায় তারা ভেটেরিনারি অনুষদে ব্যাপক ভাঙচুর করেন। তারা অনুষদের ডিনসহ শিক্ষা পরিষদের ২৫-৩০ জন সদস্যকে তালাবদ্ধ করে রাখেন। অনুষদের শিক্ষকরাও পরে ছাত্রদের আন্দোলনের সঙ্গে একাত্মতা ঘোষণা করেন।

প্রত্যক্ষদর্শী ও শিক্ষার্থীরা জানান, গতকাল সকাল সাড়ে ১০টার দিকে অনুষদ থেকে পাঁচ শতাধিক শিক্ষার্থী লাঠিসোটা নিয়ে বিশ্ববিদ্যালয়ের ভেতরে অবস্থিত রেলস্টেশনে অবস্থান নেন। বেলা পৌনে ১১টার দিকে ঢাকা থেকে ছেড়ে আসা নেত্রকোনার মোহনগঞ্জগামী ৪৩ আপ লোকাল ট্রেনটি সেখানে এসে পৌঁছালে ছাত্ররা তা আটকে বিক্ষোভ প্রদর্শন করতে থাকেন। এক পর্যায়ে তারা ট্রেনের চালককে ধরে নিয়ে আটকে রাখেন। ছাত্ররা রেললাইনের ওপর টায়ার ফেলে তাতে আগুন ধরিয়ে দেন ও গাছ ফেলে ব্যারিকেড সৃষ্টি করেন।

বেলা সোয়া ১১টার দিকে দুই সহকারী প্রক্টর ড. এম হারুন-অর-রশীদ ও ড. কামরুল হাসান ঘটনাস্থলে গিয়ে ছাত্রদের তোপের মুখে পড়েন। বেলা সাড়ে ১১টার দিকে ময়মনসিংহের অতিরিক্ত পুলিশ সুপার খোন্দকার নজমুল হাসানের নেতৃত্বে কয়েক প্লাটুন পুলিশ ঘটনাস্থলে পৌঁছে। ছাত্রদের তোপের মুখে তারাও ফিরে যান।

দুপুর ১২টায় অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আখতার হোসেন অনুষদীয় শিক্ষকদের নিয়ে ঘটনাস্থলে যান। ছাত্ররা উপাচার্যের কাছ থেকে দাবি পূরণের আশ্বাস না পাওয়া পর্যন্ত অবরোধ অব্যাহত রাখার ঘোষণা দেন।

সাড়ে ১২টার দিকে ডিন কাউন্সিলের আহ্বায়ক অধ্যাপক ড. মো. বজলুর রশীদ চৌধুরী উপাচার্যের সঙ্গে পরামর্শ করে সব অনুষদের ডিনদের নিয়ে ঘটনাস্থলে গিয়ে দাবি বাস্তবায়নের আশ্বাস দেন।

ভেটেরিনারি অনুষদের ছাত্র সমিতির সাধারণ সম্পাদক এম এ হান্নান বলেন, ২১ তারিখের মধ্যে দাবি বাস্তবায়িত না হলে পুরো বিশ্ববিদ্যালয় অচল করে দেওয়া হবে।

পরিস্থিতি সম্পর্কে ছাত্রবিষয়ক উপদেষ্টা ও প্রক্টর মোজাফফর হোসেন কোনো মন্তব্য করতে অস্বীকৃতি জানান। তবে সহকারী প্রক্টর ড. হারুন-অর-রশীদ বলেন, তিনি পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে যথাসাধ্য চেষ্টা করেছেন।